

German University Bangladesh

38, T & T Road, Telepara, Chandon Chowrasta
Joydebpur, Gazipur-1702, Bangladesh. Telephone: 9294511
E-mail: hrd@gub.edu.bd, Website: www.gub.edu.bd



মেমো নং: জি.ইউ.বি/এইচ.আর.ডি/ভি.সি/ 253

তাং: ০২-০২-২০১৮ ইং

প্রেস বিজ্ঞপ্তি

বিগত বৃহস্পতিবার, ১৯ মাঘ ১৪২৪, ১ ফেব্রুয়ারী ২০১৮, ১৪ জমাদিউল আওয়াল ১৪৩৯ হিজরি, পৃষ্ঠা ২০ ও পৃষ্ঠা ০২ কলাম ০৪-এ দৈনিক ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত "ভিসি ছাড়াই চলে ২৯ বেসরকারি ভার্শিটি" শীর্ষক সংবাদ শিরোনামের প্রতি জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের দৃষ্টি আকর্ষিত হয়েছে। শেষোক্ত সংবাদে যে সব বিশ্ববিদ্যালয় উপাচার্য নিয়োগ দেওয়ার জন্য প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে জমা দিয়েছে তার তালিকায় জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের নাম অন্তর্ভুক্ত করা হয়নি। প্রকৃতপক্ষে, শিক্ষা মন্ত্রণালয়ের ২৮ আগস্ট ২০১৪ তারিখের ৩৭.০০.০০০০.০৭৮.১১.১০৫.১৪-৫৭৯ নং পত্রমতে জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ-এর মহামান্য রত্নপতি ও চ্যান্সেলর সানুগ্রহ সম্মতি নিয়ে বিগত ১৫ সেপ্টেম্বর ২০১৪ উপাচার্য যোগদান করেন। পরবর্তীতে ২৩ ফেব্রুয়ারী ২০১৬ তারিখ ব্যক্তিগত কারণে উপাচার্য পদত্যাগ পত্র দাখিল করিলে ৪ মার্চ ২০১৬ তারিখ হইতে উপাচার্যকে অব্যাহতি প্রদান করা হয়। অতঃপর উপাচার্যের স্থলে নতুন উপাচার্য নিয়োগের জন্য পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। যুগপাৎ অনলাইন ভিত্তিক চাকুরির ওয়েব সাইটেও নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার করা হয়। উপাচার্য পদে নিয়োগের জন্য আবেদনের শেষ তারিখ ছিল ৩০ নভেম্বর ২০১৬।

পরবর্তীতে নির্ধারিত তারিখ শেষে জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশের বোর্ড অব ট্রাস্টিজ-এর ০৩ জুন ২০১৭ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত মোতাবেক প্যানেল প্রস্তাব শিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। অতঃপর বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক প্যানেল প্রস্তাবের উপর মতামতের ভিত্তিতে চাহিত তথ্যাদির নির্ধারিত ছক পূরণ করে বিগত ২৭ নভেম্বর ২০১৭ তারিখ জি.ইউ.বি/এডমিন/২১২ নং পত্রমতে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমে মহামান্য রত্নপতির নিকট প্রেরণ করা হয়েছে।

প্রসঙ্গতঃ জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ আইনের প্রতি গভীর শ্রদ্ধাশীল। বেসরকারী বিশ্ববিদ্যালয় আইন-২০১০ এর সকল ধারা সঠিক ভাবে পালনসহ সরকারের এবং বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের সকল নির্দেশ ও আদেশ পালন করে থাকে।

এমতাবস্থায়, পত্রিকায় প্রকাশিত সংবাদের প্রেক্ষিতে সনামধন্য জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ পরিচালিত আন্তর্জাতিকভাবে স্বীকৃত ও যুগপোযোগী শিক্ষা কার্যক্রম বিষয়ে জনমনে অহেতুক বিভ্রান্তি দূর করার জন্য এই প্রেস বিজ্ঞপ্তি প্রকাশ করা হলো।

মো: আবুল কালাম আজাদ

রেজিস্ট্রার

জার্মান ইউনিভার্সিটি বাংলাদেশ

গাজীপুর-১৭০২